# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

## কেন্দ্রীয় হিসাব বিভাগ

হিসাব পরিপত্র নং-০২/২০২০ তারিখঃ ২০.০৫.২০২০

বিষয় ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংক ঋণ/বিনিয়োগের উপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তরের লক্ষ্যে এর হিসাবায়ন পদ্ধতি প্রসংগে।

শিরোনামাধীন বিষয়ে বিকেবি, প্রকা, ক্রেডিট বিভাগের ১০.০৫.২০২০ তারিখের পত্র নং বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৪০)/২০১৯-২০২০/১১৩৭(১০) এবং এতদসংক্রান্ত বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১১ তারিখ ০৩.০৫.২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩ তারিখ ০৪.০৫.২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। অত্র ব্যাংকের বর্ণিত পত্র এবং বাংলাদেশ ব্যাংকের সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে করোনা ভাইরাস এর কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংকের সকল প্রকার ঋণ/বিনিয়োগের উপর ০১.০৪.২০২০ থেকে ৩১.০৫.২০২০ তারিখ পর্যন্ত সময়ে ৩১.০৩.২০২০ তারিখ ভিত্তিক গ্রাহক পর্যায়ের ঋণ/বিনিয়োগ স্থিতির উপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর করতে হবে। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ব্লকড হিসাবে স্থানান্তরিত সুদ/মুনাফা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করা যাবে না এবং এরূপ সুদ/মুনাফা ব্যাংকের আয় খাতে স্থানান্তর করা যাবে না। ৩১.০৩.২০২০ তারিখের পর অর্থ্যাৎ ০১.০৪.২০২০ তারিখ হতে নতুনভাবে বিতরণ/উত্তোলনকৃত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না। কোন শাখা কর্তৃক ইতোমধ্যে সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা হয়ে থাকলে তা রিভার্স এন্ট্রির মাধ্যমে সমন্বয় করতে হবে। ব্লকড হিসাবে রক্ষিত/রক্ষিতব্য উপরোক্ত সুদ/মুনাফা সমন্বয়ের বিষয়ে পরবর্তীতে অবহিত করা হবে।

০৩। এতদপ্রেক্ষিতে অত্র ব্যাংকে উপর্যুক্ত নির্দেশনা বাস্তবায়নে নিম্মোক্ত নতুন হিসাব খাত/উপ-খাত খোলা হলো ঃ

| ক্র | খাতের নাম | মূল খাত | উপ-খাত (নতুন) |
|---|---|---|---|
| ১. | ৩১.০৩.২০২০ তারিখ স্থিতি ভিত্তিক ০১.০৪.২০২০ হতে ৩১.০৫.২০২০ তারিখ পর্যন্ত ধার্যকৃত করোনা স্থগিত সুদ হিসাব | ৫৩ (নতুন) | ৫৩/১ (অশ্রেণীকৃত ও এসএমএ ঋণের সুদ যা আয় খাতে অন্তর্ভূক্ত হতো) |
| | | | ৫৩/২ (শ্রেণীকৃত ঋণের সুদ যা স্থগিত সুদ খাতে অন্তর্ভূক্ত হতো) |
| ২. | করোনা সুদবিহীন ব্লকড হিসাব | ১৩১ (বিদ্যমান) | ১৬৩ |

০৪। নিম্নে এতদসংক্রান্ত হিসাবায়ন পদ্ধতি উল্লেখ করা হলো ঃ

৪.১ ঋণ হিসাবে ধার্যকৃত সুদ করোনা স্থগিত সুদ হিসাবে স্থানান্তর ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.০৩.২০২০ তারিখ স্থিতি ভিত্তিক ০১.০৪.২০২০ হতে ৩১.০৫.২০২০ তারিখ পর্যন্ত ধার্যকৃত সুদ) | ৫৩/১-করোনা অশ্রেণীকৃত ও এসএমএ স্থগিত সুদ হিসাব |
| | প্রযোজ্যতা অনুযায়ী ৫৩/১ অথবা ৫৩/২ |
| | ৫৩/২-করোনা শ্রেণীকৃত স্থগিত সুদ হিসাব |

৪.২ ঋণ হিসাবে ধার্যকৃত সুদ করোনা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩১/১৬৩-করোনা সুদবিহীন ব্লকড হিসাব | সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.০৩.২০২০ তারিখ স্থিতি ভিত্তিক ০১.০৪.২০২০ হতে ৩১.০৫.২০২০ তারিখ পর্যন্ত ধার্যকৃত সুদ) |

চলমান পাতা-২

০৫। বিশেষ নির্দেশনা ঃ

৫.১ আইসিটি সিষ্টেমস, কার্ড এন্ড মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক সিবিএস এর অন্তর্ভূক্ত অনলাইন এবং অফলাইন শাখার করণীয় সম্পর্কে এতদসংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা ও সহায়তা প্রদান করা হবে।

৫.২ ৫৩ (১ ও ২ এর সমষ্টি) খাতের স্থিতি ১৩১/১৬৩ খাতের স্থিতির সমান হবে।

৫.৩ আলোচ্য ঋণ হিসাবসমূহে বর্ণিত সময়ের সুদ চার্জের ক্ষেত্রে প্রতিটি ঋণ হিসাব "০১.০৪.২০২০ থেকে ৩১.০৫.২০২০ তারিখ পর্যন্ত করোনা ব্লকড হিসাব" লিখতে হবে।

৫.৪ ১৩১/১৬৩-করোনা সুদবিহীন ব্লকড হিসাব এবং ৫৩(১ ও ২)-করোনা স্থগিত সুদ হিসাব সমন্বয়ের উদ্দেশ্যে প্রয়োজনীয় হিসাবায়ন পদ্ধতি এতদসংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের পরবর্তী নির্দেশনা প্রাপ্তি স্বাপেক্ষে অবহিত করা হবে।

৫.৫ প্রতিটি শাখাকে একটি কাঁচা রেজিস্টারে নিম্মোক্ত ছকে বর্ণিত তথ্যাদির বিবরনী সংরক্ষণ করতে হবে যাতে প্রধান কার্যালয় থেকে এতদসংক্রান্ত তথ্যাদির প্রয়োজন হলে তাৎক্ষণিকভাবে সরবরাহ করা সম্ভবপর হয়।

| শাখার নাম | ৫৩/১ | | ৫৩/২ | | মোট স্থিতি | ব্লকড হিসাবের স্থিতি ১৩১/১৬৩ |
|---|---|---|---|---|---|---|
| | হিসাব সংখ্যা | স্থিতি | হিসাব সংখ্যা | স্থিতি | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ (৩+৫) | ৭ |
| | | | | | | |

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক
আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(২০)/২০১৯-২০২০/৯৩৭(১২৫০) তারিখঃ ২০.০৫.২০২০

<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিষ্টেমস, কার্ড এন্ড মোবাইল ব্যাংকিং, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডসহ উপর্যুক্ত হিসাবায়ন পদ্ধতি বাস্তবায়নে সিবিএস এর অন্তর্ভূক্ত অনলাইন এবং অফলাইন শাখার করণীয় সম্পর্কে এতদসংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা ও সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
০৮। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

(খান তামজিদ আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)